

## শিক্ষা প্রতিষ্ঠানে জাতীয় শোক দিবস পালনের নির্দেশ

■ সমকাল প্রতিবেদক

আগামী ১৫ আগস্ট স্বাধীনতার মহান স্থপতি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪০তম শোহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস যথাযথভাবে পালনের জন্য সব শিক্ষা প্রতিষ্ঠানকে নির্দেশ দিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানদের একবিহয়ে যথাযথ পদক্ষেপ নিতে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর (মাউশি) থেকে নির্দেশ দেওয়া হয়েছে।

বৃহবার শিক্ষা মন্ত্রণালয়ের পাঠ্যনো এক বিজ্ঞপ্তিতে বলা হয়, শিক্ষা মন্ত্রণালয় প্রতিবারের মতো এবারও বিশেষ গুরুত্বের সঙ্গে জাতীয় শোক দিবস পালন করা হবে। জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবন ও কীর্তির ওপর আলোচনা সভা, তার প্রতিকৃতিতে পুষ্পমালা অর্পণ ও দোয়া মাহফিলসহ বিভিন্ন কর্মসূচি পালিত হবে। শিক্ষা মন্ত্রণালয়ের অধীন বিভিন্ন দপ্তর, অধিদপ্তর, সংস্থা ও শিক্ষা প্রতিষ্ঠানগুলোকে নিজ উদ্যোগে যথাযোগ্য মর্যাদায় ১৫ আগস্ট জাতীয় শোক দিবস পালনসহ মাসব্যাপী বিভিন্ন কর্মসূচি গ্রহণের জন্য ওই বিজ্ঞপ্তিতে অনুরোধ জানানো হয়েছে।